দৈনিক ইত্তেফাক

তারিখ ... ..APR. 6 1999 ..
পৃষ্ঠা ১৬ কলাম ৫

142

# বিএম কলেজের শিক্ষক সমিতির সম্পাদককে ক্যাম্পাস ত্যাগে বাধ্য করা হইয়াছে

**বরিশাল অফিস** ॥ বিএম কলেজের শিক্ষক সমিতির সম্পাদক ও পদার্থবিদ্যা বিভাগের প্রধান প্রফেসর ইউসুফ আলীকে কতিপয় ছাত্র ক্যাম্পাস হইতে গতকাল (সোমবার) বাহির করিয়া দেয়। তিনি তাহার ডিপার্টমেন্টে কাজ করাকালে বিক্ষুব্ধ ছাত্ররা তাহাকে ক্যাম্পাস ত্যাগে বাধ্য করে।

(১৫শ পৃষ্ঠায় ৩-এর কঃ দ্রঃ)

## বিএম কলেজের

(শেষ পৃষ্ঠার পর)

ছাত্রলীগ যে দশজন অবাঞ্ছিত শিক্ষকের তালিকা তৈরী করিয়াছে ইউসুফ আলী সেই তালিকায় রহিয়াছেন। ইহা লইয়া অধ্যক্ষসহ ৪ জন শিক্ষককে ছাত্রলীগ ক্যাম্পাসে প্রবেশের উপর নিষেধাজ্ঞা জারি করিয়াছে। ২৬শে মার্চ কলেজে স্বাধীনতা দিবসের অনুষ্ঠানে স্বাধীনতা আন্দোলনের বিকৃত ইতিহাস উপস্থাপনের জন্য যে ২ জন শিক্ষককে ছাত্রলীগ দায়ী করিয়াছে ইউসুফ আলী সেই ২ জনের পক্ষাবলম্বন করিয়াছেন বলিয়া অভিযোগ রহিয়াছে। আগামী ৬ দিনের মধ্যে অবাঞ্ছিত শিক্ষকদের বদলি হইয়া যাওয়ার জন্য ছাত্রলীগ সময় বাঁধিয়া দিয়াছে। নচেৎ ব্যাপক আন্দোলন শুরু হইবে।